Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই ফাল্গুন বুধবার ১৩৬৪ ইংরাজী 19th Feb. 1958 { ৩৯শ সংখ্যা

১লা ফাল্গুন ১৮৭৯ শকাব্দ






ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৭ই ফাল্গুন বুধবার সন ১৩৬৪ সাল।

## ভাষা কমিশনের সুপারিশের প্রতিবাদে ছাত্র সমাজকে অগ্রণী হইতে আহ্বান
## সারা বাংলা ছাত্র সম্মেলনে শ্রীবিবেকানন্দ মুখোপাধ্যায়ের ভাষণের
# প্রতিধ্বনি

—•—

ডি-এস-ওর (গণতান্ত্রিক ছাত্র সংস্থা) উদ্যোগে ৮ই ফেব্রুয়ারী কলিকাতায় ষ্টুডেন্টস হলে সারা বাংলা ছাত্র সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সভাপতিত্ব করেন শ্রীবিবেকানন্দ মুখার্জি। সভাপতির ভাষণে শ্রীবিবেকানন্দ মুখার্জি বলেন যে, ভাষা কমিশনের সুপারিশের প্রতিবাদকল্পে ছাত্র সমাজকে উত্তরোত্তর আগাইয়া আসিতে হইবে। আজ ভারতীয় রাষ্ট্রের কর্ণধারেরা জোর করিয়া যেভাবে হিন্দী চাপাইবার ষড়যন্ত্র করিতেছেন তাহাকে যে কোন মূল্যে প্রতিরোধ করা দরকার।

প্রসঙ্গক্রমে তিনি পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের বাংলা ভাষার প্রতি অধুনা প্রকাশিত বিমাতৃসুলভ মনোভাবের তীব্র নিন্দা করেন। শ্রীমুখার্জি বলেন, বাংলা ভাষা ভারতীয় ভাষাগুলির মধ্যে অন্যতম শ্রেষ্ঠ ভাষা। সে ভাষার প্রতি সরকারী কর্তাদের এই মনোভাব দেখিয়া তিনি দুঃখ প্রকাশ করেন।

শ্রীমুখার্জি আরও বলেন, ইংরাজী ভাষা সম্পর্কে আজ এক ষড়যন্ত্রমূলক বিদ্বেষ প্রচার করা হইতেছে। তাহার ব্যক্তিগত অভিজ্ঞতা উল্লেখ করিয়া তিনি বলেন, "আমি যদি ইংরাজী ভাষার সংস্পর্শে না আসিতাম তাহা হইলে অনেক জ্ঞান হইতে বঞ্চিত হইতাম।"

সম্মেলনের প্রধান অতিথি শ্রীসুবোধ ব্যানার্জি এম-এল-এ, বলেন, কংগ্রেস ও কংগ্রেস বিরোধী কিছু কিছু দল জনতার জাতীয়তা বোধকে নিজেদের হীন স্বার্থে কাজে লাগাইবার চেষ্টা করিতেছে। শ্রীব্যানার্জি তীব্রভাবে মন্তব্য করেন যে, যে কংগ্রেসী নেতারা কমনওয়েলথের দাসত্বকে জনতার ইচ্ছার বিরুদ্ধে আজও মানিয়া চলিয়াছেন এবং আজ যাঁহারা অর্থনৈতিক ক্ষেত্রে বিদেশী কোম্পানীগুলির শোষণের বিরুদ্ধে বিন্দুমাত্র অঙ্গুলিহেলন করিতেছেন না তাঁহাদের মুখ হইতে জাতীয়তাবাদের বুলি শুনিতে জনতা রাজী নয়। শ্রীব্যানার্জি বিভিন্ন দিক হইতে বিশ্লেষণ করিয়া ভারতবর্ষে ইংরাজীকেই সরকারী ভাষা হিসাবে চালু রাখার দাবী জানান।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রীঅম্লান দত্ত বলেন যে, সমস্যাকে মূলতঃ দুইটী ভাগে ভাগ করা যায়। তাহার প্রথমটি হইতেছে, প্রাদেশিক ক্ষেত্রে কোন ভাষায় কাজ চালান হইবে, আর দ্বিতীয়টি সর্বভারতীয় ভাষা কোনটি হইবে। প্রথমটির ক্ষেত্রে কতকগুলি নীতি আজ স্বীকৃত হওয়া সত্ত্বেও কার্য্যে পরিণত করার ক্ষেত্রে উৎসাহের অভাব দেখা যাইতেছে। সর্বভারতীয় ক্ষেত্রে কোন্ ভাষা হইবে তাহা লইয়াই আজ মূল সমস্যা উপস্থিত হইয়াছে। অধ্যাপক দত্ত একই ভাবে ইংরাজীর স্থানকে অপরিবর্তিত রাখিবার দাবী জানান।

সম্মেলনের সাফল্য কামনা করিয়া শ্রীবুদ্ধদেব বসু শ্রীসুনীতি চট্টোপাধ্যায়, ডাঃ নরেশ সেনগুপ্ত, শ্রীনরেন্দ্র দেব ও শ্রীরাধারাণী দেবী বাণী প্রেরণ করেন।

সম্মেলনে মূল প্রস্তাব পেশ করেন, শ্রীসোমেশ দাসগুপ্ত। প্রস্তাবের সমর্থনে বক্তৃতা করেন, শ্রীপ্রভাস ঘোষ।

সম্মেলনে গৃহীত প্রস্তাবগুলি পার্লামেণ্টারী ভাষা কমিটি, পণ্ডিত নেহরু ও রাষ্ট্রপতির নিকট প্রেরণ করিবারও প্রস্তাব গ্রহণ করা হয়। ভাষা আন্দোলনকে আরও শক্তিশালী করিবার জন্য শ্রীসোমেশ দাশগুপ্তকে আহ্বায়ক করিয়া ১৫ জন সদস্য লইয়া একটি সংগ্রাম কমিটি গঠন করা হইয়াছে।

অভ্যর্থনা সমিতির সভাপতি অধ্যাপক সুকোমল দাশগুপ্ত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সম্মেলনে কলিকাতা ও বাংলা দেশের বিভিন্ন জেলার চার শত প্রতিনিধি উপস্থিত ছিলেন। সম্মেলনে সর্বসম্মতিক্রমে প্রস্তাব গৃহীত হয়।

### সম্মেলনের দাবী

সম্মেলনে উপস্থাপিত প্রস্তাবে দাবী জানান হয়, (১) প্রতিটি প্রধান ভারতীয় ভাষা এবং ইংরাজী ভাষাকে ভারতের জাতীয় ভাষা হিসাবে সরকারী স্বীকৃতি দেওয়া হউক; (২) প্রত্যেক রাজ্যের শিক্ষা সর্বস্তরে সেই রাজ্যের প্রধান জাতীয় ভাষায় নির্বাহিত হইবে এবং সাথে সাথে সেই রাজ্যের সংখ্যালঘু উপজাতি ভাষার যথোপযুক্ত নিরাপত্তার দিকে দৃষ্টি রাখিয়া অনতিবিলম্বে এই ব্যবস্থা প্রবর্ত্তিত হউক; পাঠ্য সূচীতে সর্বস্তরে ইংরাজী ও অন্য কোনও ভাষার স্থান কি হইবে তাহা বিভিন্ন রাজ্য সরকার ও বিশ্ববিদ্যালয় সম্পূর্ণ স্বাধীনভাবে নিজেরাই স্থির করিবেন। এই বিষয়ে কেন্দ্রীয় সরকার থেকে পঃ বঙ্গে মাধ্যমিক শিক্ষাস্তরে হিন্দী শিক্ষা বন্ধ করিয়া বাধ্যতামূলকভাবে ইংরাজী শিখাইবার ব্যবস্থা করা হউক; কোন নির্দেশ বা পক্ষপাতমূলক ব্যবস্থা থাকিবে না; (৩) প্রত্যেক রাজ্যের শাসন, আইন ও বিচার সংক্রান্ত সকল কর্ম সেই রাজ্যের প্রধান জাতীয় ভাষায় পরিচালিত হইবে; এই বিষয়ে সংশ্লিষ্ট রাজ্যের সংখ্যালঘুদের ভাষার নিরাপত্তার দিকে দৃষ্টি রাখিয়া অবিলম্বে এই ব্যবস্থা প্রচলিত করা হউক; (৪) নিখিল ভারত চাকুরী সংক্রান্ত সকল পরীক্ষা বর্ত্তমানে ইংরাজীতে এবং শুধু ইংরাজীতেই পরিচালিত হউক; (৫) আন্তঃ-রাজ্যিক যোগাযোগের জন্য ইংরাজী অথবা সংশ্লিষ্ট রাজ্যের দ্বারা পারস্পরিক ভাবে স্বীকৃত অন্য কোন জাতীয় ভাষা বা ভাষাসমূহ ব্যবহার হউক। (৬) পুস্তক প্রকাশ, প্রচার, শিক্ষা ব্যবস্থা ও সাংবাদিকতা প্রভৃতি উপায়ে ভারতীয় ভাষা ও সাহিত্যের উন্নতি ও প্রচার বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকার যেসব প্রচেষ্টা করিয়া থাকেন বা করিবেন, তাহাতে সাম্যনীতি সর্বতোভাবে রক্ষিত হওয়া চাই, কোনও একটি ভাষার প্রতি পক্ষপাতী ব্যবস্থা চলিবে না। (৭) যথাসম্ভব শীঘ্র এবং যতদূর সম্ভব রাজ্যসমূহের চাকুরী সংক্রান্ত পরীক্ষা সেই

সেই রাজ্যের প্রধান জাতীয় ভাষায় পরিচালিত হইবে; এই সম্পর্কে সংখ্যালঘুদের ভাষার নিরাপত্তা সর্বপ্রকারে সংরক্ষিত হউক। (৮) বহু ভাষা ভাষী রাজ্যসমূহ সরকারী কাজে এবং শিক্ষার মাধ্যমরূপে হয় তাহাদের প্রধান ভাষাগুলিকে নতুবা ইংরাজীকে ব্যবহার করিতে পারিবে, এই সম্পর্কে সংখ্যালঘুদের ভাষায় নিরাপত্তাকে রক্ষা করিতে হইবে। (৯) সর্ব-ভারতীয় আইন ও বিচার সংক্রান্ত ব্যবহারের জন্য বর্তমানে ইংরাজী রক্ষিত হউক এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্যসমূহের যোগাযোগের জন্য ইংরাজী ও যেখানেই প্রয়োজন, সংশ্লিষ্ট রাজ্যের প্রধান জাতীয় ভাষার ব্যবহার হউক—সেই ব্যবহারে সবগুলি ভাষার মর্য্যাদা সমভাবে রক্ষিত হউক। জনসাধারণের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকারের বিজ্ঞপ্তি ও ঘোষণাগুলি এবং রেলওয়ে ও ডাক-বিভাগের কর্ম ও বিজ্ঞাপনসমূহ ইংরাজীতে এবং বিভিন্ন রাজ্যের প্রধান জাতীয় ভাষায় প্রচারিত হওয়া চাই, (১০) উপরোক্ত প্রস্তাবগুলিকে কার্য্যকরী করার জন্য ভারতীয় সংবিধানের ১৭শ অধ্যায় এবং অন্যান্য সংশ্লিষ্ট অধ্যায়ের যথাযথ পরিবর্ত্তন করা হউক।

এই সম্মেলন উপরোক্ত দাবীসমূহের ভিত্তিতে আন্দোলন গড়িয়া তোলার জন্য পশ্চিম বাংলার ছাত্র-ছাত্রীদের অগ্রসর হইয়া আসিতে আহ্বান জানাইতেছে।

---

## আমের মুকুল


এবারে এতদঞ্চলে প্রত্যেক গাছে প্রচুর পরিমাণে আমের মুকুল হইয়াছে। কোনও প্রকার বিপর্য্যয় না ঘটিলে আম ভালই হইবে বলিয়া আশা করা যায়।

---

## প্রবীণ মোক্তারের পরলোক

৭ই ফাল্গুন বুধবার প্রাতে রঘুনাথগঞ্জের প্রবীণ মোক্তার তিনকড়ি সরকার মহাশয় পরলোক গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮৬ বৎসর হইয়াছিল। তিনি তিন পুত্র ও দুই কন্যা এবং বহু আত্মীয় স্বজন রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার পরিজনবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

---




---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১০ই মার্চ্চ ১৯৫৮*

১৯৫৭ সালের ডিক্রীজারী

২৪৯ থাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দিং দেং নবগোপাল সাহা দিং দাবি ৫৫ টাকা ৫৯ নঃ পঃ থানা সুতী মৌজে রাতুরি ১-৫৫ শতকের কাত ১০৶/১১৷৷০ আঃ ১৫৲ খং ১০৯

২৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৪ টাকা ৯৭ নঃ পঃ মৌজাদি ঐ ৯৩ শতকের কাত ৭৷/০ আঃ ১৫৲ খং ১১০

২৯৯ থাং ডিঃ সর্দ্দি বাঙ্গৈ দেং আবদুল ওহাব সেখ দিং দাবি ২৩ টাকা থানা রঘুনাথগঞ্জ মৌজে গদাইপুর ২-১৬ শতকের কাত ৭৶৬ পাই আঃ ২০৲ খং ১৭৪

৩০০ থাং ডিঃ ঐ দেং বাসন্তীবালা দেবী দাবি ১২ টাকা ৯৭ নঃ পঃ মৌজাদি ঐ ৮৫ শতকের কাত ১৷০ আঃ ১০৲ খং ৪০

৩০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬ টাকা ৮৮ নঃ পঃ মৌজাদি ঐ ১-৯৬ শতকের কাত ৫৷৷০ আঃ ২০৲ খং ৪৫

৩২৭ থাং ডিঃ ফুলচাঁদ শেঠি দেং সাবিত্রীবালা দেবী দাবি ১৫ টাকা ৮৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুতুবপুর ও চক কুতুবপুর ৬-৬ শতকের কাত ১৪৷৶০ আঃ ১৫৲ খং কুতুবপুর ৫০ চক কুতুবপুর ২৮



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন"   টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত